

হিসাববিজ্ঞান
সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: ১ ৪ ৬

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

দ্রষ্টব্য: দক্ষিণ পাশ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।

১. ▶ বাহাদুর এর ব্যবসায়ে ৩১ ডিসেম্বর, ২০১৫ সালের রেওয়ামিল ও সমন্বয়সমূহ নিম্নরূপ:

ক্রমিক নং	হিসাবের নাম	খ: পূ:	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	অফিস সরঞ্জাম		১,৯৫,০০০	
২.	শিক্ষানবিশ সেলামি			১৫,০০০
৩.	১০% ঋণ			৩০,০০০
৪.	মজুরি		১০,০০০	
৫.	যন্ত্রপাতি		১,৮৩,০০০	
৬.	বিমা সেলামি (৮ মাস)		৪,০০০	
৭.	উত্তোলন ও মূলধন		৭০,০০০	২,৬০,০০০
৮.	প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব		৭৫,০০০	৯০,০০০
৯.	ব্যবসায়িক বাট্টা		৮,০০০	২,০০০
১০.	ক্রয় ও বিক্রয়		৩,৪০,০০০	৪,২০,০০০
১১.	মজুদ পণ্য (০১-০১-১৫)		৩০,০০০	
১২.	অফিস খরচাবলি		১২,০০০	
১৩.	হাতে নগদ		৫,০০০	
১৪.	ভাড়া প্রাপ্তি			১৫,০০০
১৫.	অতিরিক্ত মূলধন (০১-০৭-১৫)			১,০০,০০০
			৯,৩২,০০০	৯,৩২,০০০

সমন্বয়সমূহ: i. অলিখিত ক্রয় ফেরত ৫,০০০ টাকা। ii. সমাপনী মজুদের বাজারমূল্য ৫০,০০০ টাকা এবং ক্রয়মূল্য ৪৮,০০০ টাকা। iii. মালিকের জীবন বিমার প্রিমিয়াম প্রদান ৩,০০০ টাকা হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়নি। iv. স্থায়ী সম্পত্তির ওপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে। v. উত্তোলনের সুদ ধার্য করতে হবে ১০%।

- ক. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
- খ. মোট লাভ ৭০,০০০ টাকা ধরে নিট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪
- গ. ৩১-১২-২০১৫ তারিখে কারবারের নিট লাভ ৬১,৭০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

২. ► নিম্নোক্ত রেওয়ামিলটি রাশেদ এন্টারপ্রাইজের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর প্রস্তুতকৃত :

ক্রমিক নং	হিসাবের নাম	খ: পূ:	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	উত্তোলন		৭,৫০০	
২.	মূলধন			৭০,০০০
৩.	প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব		৪৪,০০০	৭,০০০
৪.	অতিরিক্ত মূলধন (০১-০৭-১৫)			২০,০০০
৫.	সাধারণ খরচ		৮,০০০	
৬.	ভাড়া		১৬,৫০০	
৭.	বিক্রয় ফেরত		২,৫০০	
৮.	বকেয়া ভাড়া			৭,৫০০
৯.	ব্যাংক জমা		৩,০০০	
১০.	আসবাবপত্র		৩০,০০০	
১১.	শিক্ষানবিশ সেলামি			৩,০০০
১২.	আয়কর		৬,০০০	
১৩.	ক্রয় ও বিক্রয়		৫০,০০০	১,২০,০০০
১৪.	অফিস সরঞ্জাম		৬০,০০০	
			<u>২,২৭,৫০০</u>	<u>২,২৭,৫০০</u>

সমন্বয়সমূহ: i. মূলধনের সুদ ধার্য কর ৫%। ii. প্রাপ্য হিসাবের ৪,০০০ টাকা অবলোপন করো। iii. অব্যবহৃত মনিহারি ১,০০০ টাকা। iv. স্থায়ী সম্পদের ওপর ৫% হারে অবচয় ধার্য করো। v. অগ্রিম শিক্ষানবিশ সেলামি ৫০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

- ক. নিট স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২
- খ. নিট লাভ ২৫,০০০ টাকা অন্তর্ভুক্ত করে মালিকানা স্বত্ব বিবরণী প্রস্তুত করো। ৪
- গ. ৩১-১২-২০১৫ তারিখের মোট চলতি সম্পদ ও মোট চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

খ বিভাগ

৩.► মি. আবির ২০১৬ সালের ১ জানুয়ারি নগদ ৪,০০,০০০ টাকা এবং ৮০,০০০ টাকা মূল্যের কম্পিউটার নিয়ে ব্যবসায় শুরু করেন। ঐ মাসে তার ব্যবসায়ের লেনদেনসমূহ নিম্নরূপ :

জানু.	২	ম্যানেজারকে অগ্রিম বেতন প্রদান	২০,০০০ টাকা।
"	৪	ধারে একটি আলমারি ক্রয়	২৮,০০০ টাকা।
"	১৯	বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয়	৩০,০০০ টাকা।
"	২৫	ধারে ক্যালকুলেটর ক্রয়	১,০০০ টাকা।
"	২৮	ব্যবসায় হতে উত্তোলন	৩,০০০ টাকা।
"	৩০	বাকিতে পণ্য বিক্রয়	৮০,০০০ টাকা।
"	৩১	ভাড়া অপরিশোধিত	১০,০০০ টাকা।

ক.	অ-নগদ লেনদেনের পরিমাণ নির্ণয় করো।	২
খ.	উপরোক্ত লেনদেনসমূহের হিসাব সমীকরণের প্রভাব দেখাও।	৪
গ.	উপরোক্ত লেনদেনসমূহের সাথে সম্পৃক্ত হিসাবসমূহের শ্রেণিবিভাগ দেখাও।	৪

৪.► মার্চ, ২০১৬-এ মি. আদনানের ব্যবসায়ের লেনদেনসমূহ নিম্নরূপ :

তারিখ	লেনদেনের বিবরণ	টাকার পরিমাণ	
মার্চ	১	ব্যবসায়ে মূলধন বিনিয়োগ	২০,০০,০০০
"	৩	ডেলিভারি ভ্যান ক্রয়	১২,৫০,০০০
"	৫	মালিকের জন্য ব্যাংক হতে উত্তোলন	১০,০০০
"	৯	পণ্য ক্রয়	১১,০০,০০০
"	১৯	শিক্ষানবিশ সেলামি প্রাপ্তি	২৫,০০০
"	২৩	ডেলিভারি ভ্যানের অবচয়	১২,৫০০
"	২৫	আগুনে বিনষ্ট পণ্য	২,০০০
"	৩০	চেকের বিনিময়ে পণ্য বিক্রয়	১৮,০০,০০০

ক.	মূলধন জাতীয় লেনদেনের পরিমাণ নির্ণয় করো।	২
খ.	উপরোক্ত লেনদেনগুলোর সাধারণ জাবেদা দাখিলা দেখাও।	৪
গ.	উপরোক্ত লেনদেনসমূহ অবলম্বনে মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় করো।	৪

৫.► মাহাদি বিপণি বিতানের ২০১৫ সালের মে মাসের লেনদেনসমূহ ছিল নিম্নরূপ :

- মে ২ শামিম স্টোরস-এর নিকট হতে ২৫,০০০ টাকা মূল্যের পণ্য ক্রয়, কারবারি বাটা ৫%, চালান নং ৩৩৩।
- " ৮ রুবি ট্রেডার্সের নিকট হতে ৮% বাটায় ৫০,০০০ টাকার পণ্য ক্রয়। চালান নং ৯৪৫।
- " ২২ হাবিব স্টোরস-এর নিকট হতে ৩৫,০০০ টাকা মূল্যের পণ্য ৩৩,০০০ টাকায় ক্রয়। চালান নং ৭৪৭।
- " ২৯ নোমান ট্রেডার্সের কাছ থেকে পণ্য ক্রয় ৪০,০০০ টাকা। চালান নং ১২৪৭।

- ক. কারবারি বাটার মোট পরিমাণ নির্ণয় করো। ২
- খ. উপরোক্ত লেনদেনসমূহের ভিত্তিতে ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪
- গ. লেনদেন সংশ্লিষ্ট সহকারী খতিয়ানসমূহ প্রস্তুত করো। ৪

- ৬.► ২০১৫ সালের ডিসেম্বর মাসে মাহিরের ব্যবসায়ের লেনদেনসমূহ নিম্নরূপ:
- ডিসে. ১ নগদ তহবিল ৪০,০০০ টাকা এবং ব্যাংক উদ্বৃত্ত (ক্রেডিট) ১০,০০০ টাকা।
- " ৫ আলিমকে পরিশোধ ৫,০০০ টাকা এবং বাটা প্রাপ্তি ১০০ টাকা।
- " ৯ ব্যাংক হতে উত্তোলন : ব্যবসায়ের প্রয়োজনে ২,০০০ টাকা এবং মালিকের প্রয়োজনে ৪,০০০ টাকা।
- " ১৫ বিমা সেলামি প্রদান ২,০০০ টাকা।
- " ১৮ ঋণ গ্রহণ ১০,০০০ টাকা।
- " ২০ আবিদের নিকট বিক্রয় : নগদে ২০,০০০ টাকা এবং চেকে ৩০,০০০ টাকা।
- " ২৬ মারজুকের কাছে পাওনা ২০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১৯,০০০ টাকার চেক প্রাপ্তি।
- " ৩১ ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর ৬০০ টাকা।

- ক. নগদ বাটার পরিমাণ নির্ণয় করো। ২
- খ. উপরোক্ত লেনদেন হাতে দুঘরা নগদান বই প্রস্তুত করো। ৪
- গ. একটি নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত করো। ৪

- ৭.► ৩০ জুন, ২০১৬ আরেফিন এন্ড কোং-এর খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :
- বকেয়া মজুরি ৩,০০০ টাকা; ব্যাংক ব্যালেন্স (০১-০৭-১৫) ১০,০০০ টাকা; ভূমি ও দালান ১,১৫,০০০ টাকা; ক্রয় ৭০,০০০ টাকা; উত্তোলন ২,৩৫০ টাকা; শিক্ষানবিশ সেলামি ৩,৮০০ টাকা; প্রাপ্য নোট ৪,৭০০ টাকা; ঋণ ৮৫,০০০ টাকা; প্রদেয় নোট

৮০০ টাকা; মজুদ পণ্য (৩০-০৬-১৬) ৩০,০০০ টাকা; নগদ উদ্ধৃত (৩০-০৬-১৬) ১৫,৮০০ টাকা; ব্যাংক ব্যালেন্স ৩৫,০০০ টাকা; প্রদেয় হিসাব ১৮,২০০ টাকা; প্রাপ্য হিসাব ১২,৫০০ টাকা; ক্রয় বাট্টা ৫,৮০০ টাকা; বিক্রয় ৮৫,৮০০ টাকা; আন্তঃক্ষেত্রত ৩,২৫০ টাকা; মূলধন ১,৬৫,০০০ টাকা; কর ২,১০০ টাকা; বিজ্ঞাপন ৩,৫০০ টাকা; অগ্রিম ভাড়া ২০,০০০ টাকা; মঞ্জুরীকৃত বাট্টা ৩০০ টাকা; মজুদ পণ্য (০১-০৭-১৫) ২,৫০০ টাকা; মোটর গাড়ি ৮০,০০০ টাকা।

ক. যে সমস্ত দফা রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না, তার পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপরোক্ত খতিয়ান উদ্ধৃতসমূহ হতে একটি রেওয়ামিল প্রস্তুত করো। ৪

গ. উপরোক্ত লেনদেনগুলো হতে মূলধন ও মুনাফা জাতীয় ব্যয় এবং মূলধন ও মুনাফা জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ৪

৮. ▶ সাদাফ এন্ড কোং একটি বৎসরে ২,০০,০০০ পিস ইট তৈরি করেন। ইট তৈরিতে তাদের খরচসমূহ নিম্নরূপ (টাকায়) :

প্রারম্ভিক তৈরি পণ্য ২০,০০০ টাকা; সমাপনী তৈরি পণ্য ১৬,০০০ টাকা এবং বিক্রয় ১০,০০,০০০ টাকা; মাটি ক্রয় ২,০০,০০০ টাকা; মাটি বহন ব্যয় ৬০,০০০ টাকা; কয়লা খরচ ২,০০,০০০ টাকা; প্রত্যক্ষ শ্রম ৬০,০০০ টাকা; কারখানার ভাড়া ও বিদ্যুৎ খরচ ৬,০০০ টাকা; মাটি বানানো খরচ ৪০,০০০ টাকা; প্রারম্ভিক চলতি কার্যের মজুদ ২০,০০০ টাকা; সমাপনী চলতি কার্যের মজুদ ১৮,০০০ টাকা; অফিস ভাড়া ২৫,০০০ টাকা; বিক্রয় স্থানে পৌঁছানোর জন্য বহন খরচ ২০,০০০ টাকা; বিজ্ঞাপন ১০,০০০ টাকা; বিক্রয়কর্মীর বেতন ১০,০০০ টাকা।

ক. মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উৎপাদন ব্যয় ও বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. আয় বিবরণী দেখিয়ে মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

৯. ▶ জনাব নয়নের পরিবারের ২০১৫ সালের প্রাপ্তি ও প্রদান নিম্নে বর্ণিত হলো:

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
বেতন	৩,৬০,০০০	বাড়ি ভাড়া	১,২০,০০০
পুরাতন আসবাবপত্র বিক্রয়	৫,০০০	মুদি বাজার	৪০,০০০
কৃষি ফসলাদি বিক্রয়	৪০,০০০	দৈনন্দিন বাজার	৩০,০০০
বিনিয়োগের সুদ	৩,০০০	শিক্ষা ব্যয়	১৫,০০০
		পানি, বিদ্যুৎ ও গ্যাস	১৪,০০০
		আসবাবপত্র ক্রয়	২০,০০০
		১০% বিনিয়োগ	৬০,০০০
		যাতায়াত ও ভ্রমণ	১২,০০০

- ক. পরিবারের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
- খ. ১ জানুয়ারি ২০১৫ তারিখে নগদ উদ্ধৃত ২৩,০০০ টাকা ধরে প্রাপ্তি-প্রদান হিসাব প্রস্তুত করো। ৪
- গ. ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে সমাপ্ত বছরের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪
- ১০.► মি. আবির একজন চার্টার্ড এ্যাকাউন্টেন্ট। ১ জুন, ২০১৬ তিনি নগদ ৩,০০,০০০ টাকা, ১,০০,০০০ টাকা মূল্যের পেশাদারি বই এবং ৫০,০০০ টাকা মূল্যের একটি ডেস্কটপ কম্পিউটার নিয়ে একটি সি.এ ফার্ম শুরু করেন।
- জুন ৩ নগদে নিরীক্ষা সেবা বাবদ প্রাপ্তি ৭০,০০০ টাকা।
- " ৬ বিজ্ঞাপন বাবদ প্রদান ৬,০০০ টাকা।
- " ৮ ধারে আসবাবপত্র ক্রয় ৩০,০০০ টাকা।
- " ১৫ অফিস সহকারীকে বেতন প্রদান ১০,০০০ টাকা।
- " ২০ ক্যালকুলেটর ও স্ট্যাপলার ক্রয় ১,০০০ টাকা।
- " ২৫ ধারে আসবাবপত্র ক্রয়ের অর্থ প্রদান ৩০,০০০ টাকা।
- " ৩০ আসবাবপত্রের ওপর অবচয় ধরা হলো ৩,০০০ টাকা।
- ক. নিট আসবাবপত্রের পরিমাণ নির্ণয় করো। ২
- খ. উপরোক্ত লেনদেনগুলো হতে ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো। ৪
- গ. উপরোক্ত লেনদেনগুলো হিসাবের কোন কোন প্রাথমিক বইতে লিপিবদ্ধ হবে লিখ। ৪
- ১১.► নিম্নোক্ত লেনদেনসমূহ হাবিবার ব্যবসায়ের ২০১৬ এপ্রিল মাসের :
- এপ্রিল ১ অতিরিক্ত মূলধন আনয়ন ৭৫,০০০ টাকা।
- " ৬ শিক্ষানবিশ সেলামি প্রাপ্তি ২,০০০ টাকা।
- " ৯ ধারে মনিহারি দ্রব্যাদি ক্রয় ২,০০০ টাকা।
- " ১৪ অগ্রিম ভাড়া পরিশোধ ৮,০০০ টাকা।
- " ১৭ পুরাতন যন্ত্রপাতি বিক্রয় ১৫,০০০ টাকা।
- " ২৪ পণ্য বাকিতে বিক্রয় ৪৫,০০০ টাকা।
- " ২৭ জমি ক্রয় ১২,০০,০০০ টাকা।
- " ৩০ পাওনাদারকে পরিশোধ ২৩,০০০ টাকা।
- ক. মূলধন জাতীয় প্রাপ্তির মোট পরিমাণ নির্ণয় করো। ২
- খ. মুনাফা জাতীয় মোট আয় ও মোট ব্যয়ের পার্থক্যের পরিমাণ নির্ণয় করো। ৪
- গ. মূলধন জাতীয় ব্যয় ও মুনাফা জাতীয় প্রদানের পার্থক্যের পরিমাণ নির্ণয় করো। ৪

বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০

বিষয় কোড:

১	৪	৬
---	---	---

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে

সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।

১. মুখ্য ব্যয়ের সাথে মোট উপরিব্যয় যোগ করলে কী পাওয়া যায়?
 (ক) মোট ব্যয়
 (খ) নিট মুনাফা
 (গ) নিট ক্রয়মূল্য
 (ঘ) মোট বিক্রয়মূল্য
 ২. অপরিচালন ব্যয়—
 i. মূলধনের সুদ
 ii. শিক্ষানবিশ ভাতা
 iii. উত্তোলনের সুদ
 নিচের কোনটি সঠিক?
 (ক) i (খ) ii
 (গ) i ও ii (ঘ) ii ও iii
 ৩. আয় বৃদ্ধি পেলে স্বত্বাধিকারি কী হয়?
 (ক) বৃদ্ধি পায় (খ) হ্রাস পায়
 (গ) বৃদ্ধি/হ্রাস পায় (ঘ) আংশিক বৃদ্ধি পায়
 ৪. কোন হিসাবের জের টানা হয় না?
 (ক) খতিয়ানের (খ) জাবেদার
 (গ) আয়-ব্যয় হিসাবের (ঘ) ক্রয় হিসাবের
- উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।
 কাঁচামাল ৮০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ২০,০০০ টাকা, প্রত্যক্ষ অন্যান্য খরচ ২০,০০০ টাকা, কারখানা উপরিব্যয় প্রত্যক্ষ মজুরির ৪০% এবং মুনাফা মোট ব্যয়ের ২০%।
৫. কারখানা উপরিব্যয় কত টাকা?
 (ক) ৮,০০০ টাকা
 (খ) ১,০৮,০০০ টাকা
 (গ) ১,১৮,০০০ টাকা
 (ঘ) ১,২৮,০০০ টাকা
 ৬. বিক্রয় উপরিব্যয় ১২,০০০ টাকা হলে মুনাফা কত?
 (ক) ২৮,০০০ টাকা
 (খ) ১,২৮,০০০ টাকা
 (গ) ১,৪৮,০০০ টাকা
 (ঘ) ১,৬৮,০০০ টাকা
 ৭. লেনদেন সমূহের স্থায়ী ভান্ডার কী?
 (ক) জাবেদা বই (খ) খতিয়ান বই
 (গ) নগদান বই (ঘ) রেওয়ামিল
 ৮. খতিয়ান সম্পর্কে সঠিক উক্তি হল—
 i. হিসাবের স্থায়ী ভান্ডার
 ii. লেনদেনের সর্বশেষ আশ্রয়স্থল
 iii. খতিয়ানের উদ্ভূত হতে রেওয়ামিল প্রস্তুত করা যায় না
 নিচের কোনটি সঠিক?
 (ক) i (খ) ii
 (গ) i ও ii (ঘ) i, ii ও iii
 ৯. পারিবারিক আয়ের শতকরা কত ভাগ খাদ্য খাতে ব্যয় হয়?
 (ক) ২০% থেকে ২৫%
 (খ) ৩০% থেকে ৫০%
 (গ) ৩০% থেকে ৬০%
 (ঘ) ৪০% থেকে ৫০%
 ১০. যন্ত্রপাতি সংস্থাপন মজুরি ৫,৫০০ টাকা। মজুরি হিসাবে ডেবিট করা হয়েছে। এটা কী ধরনের ভুল?
 (ক) লেখার ভুল (খ) বাদ পড়ার ভুল
 (গ) পরিপূরক ভুল (ঘ) নীতিগত ভুল
 ১১. বিনিয়োগের সুদ বাবদ ১,২০০ টাকা বর্তমান বছরে পাওয়া গেল, কিন্তু এর মধ্যে ২০০ টাকা আগামী বছর সংক্রান্ত। এক্ষেত্রে মুনাফা জাতীয় আয় কত টাকা?
 (ক) ১,৪০০ টাকা (খ) ১,২০০ টাকা
 (গ) ১,০০০ টাকা (ঘ) ৮০০ টাকা
 ১২. দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে পরিশোধ; এক ঘরা নগদান বইয়ে লিপিবদ্ধ করা হয় কোনটিতে?
 (ক) ডেবিট (খ) ক্রেডিট
 (গ) ডেবিট ও ক্রেডিট
 (ঘ) কোথাও লিপিবদ্ধ হয় না
 ১৩. রেওয়ামিল হিসাবচক্রের কততম ধাপ?
 (ক) ৬ষ্ঠ (খ) ৫ম
 (গ) ৪র্থ (ঘ) ৩য়
 ১৪. হিসাববিজ্ঞানকে কী বলা হয়?
 (ক) ব্যবসায়ের ভিত্তি
 (খ) ব্যবসায়ের পরিধি
 (গ) ব্যবসায়ের আওতা
 (ঘ) ব্যবসায়ের ভাষা
 ১৫. কর্মচারী ও কর্মকর্তা হিসাব তথ্যের কোন ধরনের ব্যবহারকারী?
 (ক) অভ্যন্তরীণ
 (খ) বাহ্যিক
 (গ) অভ্যন্তরীণ ও বাহ্যিক
 (ঘ) তৃতীয় পক্ষ

১৬. হিসাববিজ্ঞানের অন্যতম প্রধান উদ্দেশ্য হলো—

- আর্থিক ফলাফল নির্ণয়
- ব্যয় নিয়ন্ত্রণ
- আর্থিক অবস্থা নির্ণয়

নিচের কোনটি সঠিক?

- ক) i খ) ii
গ) i ও ii ঘ) i ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।

জনাব আকবরের ব্যবসায়ে অগ্রিম মজুরি প্রদান ৬০০ টাকা; বকেয়া বেতন ১,০০০ টাকা; ক্রয় ১৮,০০০ টাকা; প্রারম্ভিক মজুদ ১২,০০০ টাকা; বহিঃফেরত ২,০০০ টাকা ও সমাপনী মজুদ পণ্য ১৫,০০০ টাকা।

১৭. জনাব আকবরের সমন্বিত ক্রয়ের পরিমাণ কত?

- ক) ১৩,০০০ টাকা খ) ১৮,০০০ টাকা
গ) ২৮,০০০ টাকা ঘ) ৩০,০০০ টাকা

১৮. সমাপনী মজুদ পণ্য সাধারণত রেওয়ামিল—

- ডেবিট দিকে
- ক্রেডিট দিকে
- রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না

নিচের কোনটি সঠিক?

- ক) i খ) ii
গ) iii ঘ) ii ও iii

১৯. দুটি পক্ষ ব্যতীত লেনদেন হয় না। লেনদেনের এই বৈশিষ্ট্যকে কী বলে?

- ক) ডেবিট ও ক্রেডিটের স্বয়ংসম্পূর্ণতা
গ) বস্তুনিষ্ঠতা ঘ) স্বৈতস্বত্ব

২০. লেনদেন বলে গণ্য হয় না—

- পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান
- পণ্য বিক্রয়ের জন্য চুক্তিবন্ধ হওয়া
- চাকুরির নিয়োগপত্র প্রদান

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১. কোনটির উপর মালিকের একক দাবি থাকে?

- ক) মুনাফার খ) সম্পদের
গ) ব্যাংক জমার ঘ) নগদ অর্থের

২২. আয়ের কোন অংশটুকু ব্যয় অপেক্ষা অধিক?

- ক) ব্যালেন্স খ) হাতে নগদ
গ) মুনাফা ঘ) দায়

২৩. কোনটি প্রকৃত জাবেদা?

- ক) নগদ প্রদান জাবেদা
খ) নগদ প্রাপ্তি জাবেদা
গ) সংশোধনী জাবেদা

ঘ) ক্রয় জাবেদা

২৪. নগদ প্রদান জাবেদায় লিপিবদ্ধ হয়?

- ক) পণ্য বিক্রয়
খ) আসবাবপত্র বিক্রয়
গ) দেনাদার হতে প্রাপ্তি
ঘ) ঋণ পরিশোধ

উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও।

রেজা এন্ড সন্স এর প্রারম্ভিক মূলধন ১,৫০,০০০ টাকা, বিক্রয়মূল্য ২,০০,০০০ টাকা, নিট মুনাফা ২৫,০০০ টাকা এবং উত্তোলন ৩৫,০০০ টাকা।

২৫. রেজা এন্ড সন্স এর নিট মুনাফার অনুপাত হবে—

- ক) ১০% খ) ১২.৫%
গ) ১৫% ঘ) ২০%

২৬. রেজা এন্ড সন্স এর মালিকানাধ্বের পরিমাণ কত?

- ক) ১,৪০,০০০ টাকা
খ) ১,৭৫,০০০ টাকা
গ) ১,৯০,০০০ টাকা
ঘ) ২,৬০,০০০ টাকা

২৭. দুতরাফা দাখিলা পদ্ধতির মূলনীতি হচ্ছে—

- ক) সম্পদ বৃদ্ধি পেলে ক্রেডিট
খ) ব্যয় বৃদ্ধি পেলে ক্রেডিট
গ) গ্রহীতা ক্রেডিট, দাতা ক্রেডিট
ঘ) গ্রহীতা ক্রেডিট, দাতা ডেবিট

২৮. যন্ত্রপাতি ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠানের যন্ত্রপাতি বিক্রয়লব্ধ অর্থ—

- ক) মুনাফা জাতীয় আয়
খ) মুনাফা জাতীয় ব্যয়
গ) মূলধন জাতীয় আয়
ঘ) মূলধন জাতীয় প্রাপ্তি

২৯. বিশদ আয় বিবরণীতে লিপিবদ্ধ হবে—

- মুনাফা জাতীয় প্রাপ্তি
- মুনাফা জাতীয় আয়
- মূলধন জাতীয় আয়

নিচের কোনটি সঠিক?

- ক) ii খ) i ও ii
গ) i ও iii ঘ) ii ও iii

৩০. দু'ঘরা বা তিনঘরা নগদান বইয়ে ব্যাংক এর ক্রেডিট উদ্বৃত্তকে বলে—

- ক) ব্যাংক জমাতিরিক্ত
খ) নিট লাভ
গ) নিট লাভ ও ক্ষতি ঘ) মোট ক্ষতি